নয়া দিগন্ত



শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে দক্ষ মানবসম্পদ হিসেবে : ভিসি

শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে দক্ষ

The Country Today



Public Administration Day celebrated at DU

যায়যায়দিন

তারেক রহমানের সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ

যায়যায়দিন রিপোর্ট

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান। এ সময় তিনি দলটির চেয়ারপারসন খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ব্যক্তিগতভাবে তারেক রহমানের প্রতি সমবেদনা জানান। সোমবার রাতে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। পরে রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা ও সার্বিক পরিবেশ বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে গুরুত্বপূর্ণ অংশীজনের নিয়মিত সংলাপের অংশ হিসেবে উপাচার্য এ সাক্ষাৎ করেন।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, সাক্ষাতের সময় উপাচার্য নিয়াজ আহমদ খান পার্লামেন্ট নির্বাচন পূর্ববর্তী ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ও স্থিতিশীলতা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, ডাকসু ইলেকশনপরবর্তী পরিস্থিতি, শিক্ষা ও গবেষণা কার্যক্রম, আন্তর্জাতিক র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নতি এবং শিক্ষার্থীদের কল্যাণে সম্প্রতি গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে অবহিত করেন।

এ ছাড়া উপাচার্য খালেদা জিয়ার মৃত্যুর পর তার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গৃহীত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে অবহিত করেন। এ সময় উপাচার্য বলেন, 'জাতীয় নির্বাচনের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতার অনেক প্রভাব রয়েছে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্থিতিশীলতা রক্ষা, শিক্ষা ও গবেষণার উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে উপাচার্য বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পরামর্শ ও সহযোগিতা চান।'

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। এর আগে উপাচার্য নিয়াজ আহমদ খান বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে সংরক্ষিত শোক বইয়ে স্বাক্ষর করেন।

শহিদ ওয়াসিমের কবর জিয়ারত করতে যাচ্ছেন তারেক রহমান

২০২৪ সালে বৈষম্যবিরোধী আন্দোলনে শহিদ ওয়াসিম আকরামের কবর জিয়ারত করতে আগামী ১৮ জানুয়ারি কক্সবাজার সফরে যাচ্ছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সোমবার দিবাগত রাত ১টা ১৫ মিনিটের দিকে গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন জেলা বিএনপির প্রচার সম্পাদক আকতার উদ্দিন চৌধুরী। তিনি বলেন, 'সার্বিক ঠিকঠাক থাকলে ১৮ তারিখে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কক্সবাজার আসবেন এবং সেদিনই শহিদ ওয়াসিম আকরামের কবর জিয়ারত করবেন।'

প্রসঙ্গত, ২০২৪ সালের ১৬ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে বিকাল ৫টার দিকে চট্টগ্রামের দুয়ারপুল এলাকায় আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের ত্রিমুখী সংঘর্ষে শহিদ হন চট্টগ্রাম কলেজে ছাত্রক তৃতীয় বর্ষে অধ্যয়নরত ওয়াসিম আকরাম। তিনি নগরীর চকবাজার এলাকায় একটি মেসে থাকতেন, ওয়াসিম চট্টগ্রাম কলেজ ছাত্রদলের আজীবন কমিটির সদস্য ছিলেন।

The Daily Observer

DU VC seeks political support to maintain campus stability

DU Correspondent

Dhaka University Vice-Chancellor (VC) Prof Dr Niaz Ahmed Khan has reached out to major political parties seeking their support to maintain campus stability ahead of the 13th National Parliamentary Election.

DU VC met BNP Acting Chairman Tarique Rahman on Monday evening (January 5) at the party's Gulshan office, where he had gone to sign the condolence book for late BNP Chairperson Begum Khaleda Zia.

Speaking to journalists after 7:00pm, the Prof Dr Niaz Ahmed Khan said that he was consulting party leaders about the university's overall situation.

"The stability, unity and discipline of Dhaka University have a significant impact on the national election," he told reporters. "We sought his cooperation."

DU VC said, Tarique Rahman pledged full support and added that similar discussions would be held with other party leaders as well.

Meeting also covered DU's recent achievements. Dr Khan briefed Tarique Rahman on major reforms implemented over the past year and a half, including substantial infrastructure upgrades.

"We want the relationship between the university and society to become stronger," DU VC said. "He has given us some valuable suggestions, which we are considering."

Outreach comes at a crucial time when political tensions typically spill onto university campuses during election periods. DU, being the country's premier institution, often sets the tone for student political activities nationwide.

নয়া দিগন্ত

'বিদ্রোহী চেতনায় সাম্য ও ইনসাফের বাংলাদেশ গড়ার আহ্বান'

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ও বিপ্লবী শহীদ শরীফ ওসমান হাদির সমাধি প্রাঙ্গণে আয়োজিত এক স্মরণসভায় জাতীয় কবি ও বিপ্লবী শহীদ হাদির বিদ্রোহী চেতনায় সাম্য, সম্প্রীতি ও ইনসাফভিত্তিক বাংলাদেশ বিনির্মাণের আহ্বান জানানো হয়েছে। বিদ্রোহী কবিতা প্রকাশের ১০৪ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এই স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক নিয়াজ আহমেদ খান বলেন, শত বছর আগে নজরুলের লেখনীতে প্রথম বাংলাদেশ নাম উচ্চারিত হয়। তার কবিতা ও দর্শনে মানুষের মর্যাদা, সাম্য ও মানবতার যে বার্তা রয়েছে, তা আজও আমাদের পথনির্দেশক। নজরুলের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন বাংলাদেশ গড়ে তুলতে হবে। ॥ এর পৃ. ২-এর কলামে



জাতীয় কবি ও ওসমান হাদির সমাধি প্রাঙ্গণে স্মরণ সভায় বক্তব্য দিচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি

'বিদ্রোহী চেতনায় সাম্য ও

এর পরের পৃষ্ঠার পর

গতকাল বিদ্রোহী নজরুল-বিপ্লবী ওসমান হাদি স্মরণ কমিটি এবং বিদ্রোহী কবিতার শতবর্ষ উদযাপন জাতীয় কমিটির যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। কবি আব্দুল্লাহ আল মামুনের সঞ্চালনায় আয়োজিত অনুষ্ঠানে আলোচনা সভার পাশাপাশি সমবেত কণ্ঠে বিদ্রোহী কবিতা পাঠ, দোয়া ও মুনাজাত, গ্রন্থ আপন এবং শপথ পাঠ অনুষ্ঠিত হয়।

মঞ্জুর মোশেদ খসরু সঙ্গীতায়নে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিদ্রোহী কবিতার শতবর্ষ উদযাপন জাতীয় কমিটির আহ্বায়ক মুহাম্মদ আকা উল্লাহ খান। প্রধান আলোচক ছিলেন কবি মাহমুদুল হাসান নিজামী। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ, পরিবেশবাদী নেতা ও সবুজ আন্দোলনের ফ্রন্টম্যান বাপ্পি সরদার, বিদ্রোহী কবিতার শতবর্ষ উদযাপন জাতীয় কমিটির সদস্য সচিব ড. শাহরিয়ার ইফতেখার ফয়সালসহ অন্যান্য অতিথিরা।

উদ্বোধনী বক্তব্যে মুহাম্মদ আকা উল্লাহ খান বলেন, নজরুলের বিদ্রোহী চেতনা, সাম্যবাদ ও মানবতার দর্শন এবং শহীদ শরীফ ওসমান হাদির আত্মত্যাগ আমাদের সমাজ পরিবর্তনের প্রেরণা। ড. শাহরিয়ার ইফতেখার ফয়সাল বলেন, বৈষম্য ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে গণতন্ত্র ও সুশাসন নিশ্চিত করতে হবে।

সভাপতির বক্তব্যে কবি আব্দুল্লাহ আল মামুন বলেন, নজরুল ও ওসমান হাদির আদর্শ শোষণ ও অন্যায়ের বিরুদ্ধে সংগ্রামে আজও প্রাসঙ্গিক। তাদের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়ার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন তিনি। বিজ্ঞপ্তি।

আমার দেশ

স্মরণসভায় ঢাবি উপাচার্য

নজরুলের স্বপ্নই ছিল আজকের বাংলাদেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান বলেছেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ছিলেন বাংলাদেশের প্রকৃত স্বপ্নদ্রষ্টা, যার লেখনীতে শত বছর আগেই 'বাংলাদেশ' নামের অস্তিত্ব পাওয়া যায়। সাম্য, মানবতা, অসাম্প্রদায়িকতা ও ইনসাফের দর্শনে একটি আধুনিক রাষ্ট্র গড়ে তোলাই ছিল কবির আজীবনের স্বপ্ন। গতকাল মঙ্গলবার সকালে কবির সমাধি প্রাঙ্গণে 'বিদ্রোহী' কবিতার ১০৪ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বিদ্রোহী নজরুল-বিপ্লবী ওসমান হাদি স্মরণ কমিটি এবং বিদ্রোহী কবিতার শতবর্ষ উদযাপন জাতীয় কমিটি যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

উপাচার্য বলেন, নজরুল তার কবিতায় বলেছেন— 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহিয়ান'। 'মরা মরা বাংলাদেশ মম' কিংবা 'দূর আরবের স্বপ্ন মেশি বাংলাদেশের কুটির হতে'- এসব পঙ্‌ক্তিতে তিনি যে বাংলাদেশ কল্পনা করেছেন, তা সাম্য-সম্প্রীতি ও ন্যায়ভিত্তিক। সেই চেতনার বাংলাদেশ বিনির্মাণই আমাদের দায়িত্ব।

অনুষ্ঠানের উদ্বোধক মুহাম্মদ আকা উল্লাহ খান বলেন, নজরুলের বিদ্রোহী চেতনা, সাম্যবাদ, মানবতা ও অসাম্প্রদায়িকতার দর্শন এবং বিপ্লবী শহীদ শরীফ ওসমান হাদির আত্মত্যাগ আমাদের চলার পথের পাথেয়। তাদের আদর্শ অনুসরণ করেই সমাজ পরিবর্তনের সংগ্রাম জোরদার করতে হবে।

The Country Today



Reception to DU teachers who pursued higher education abroad

DU Correspondent

A reception was given to teachers of various departments and institutes of Dhaka University who recently joined the work after pursuing higher education abroad. The reception was given at the conference room of Carass Bhaban on Tuesday.

Dhaka University Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha was present as the chief guest at the event. The event was organized by the Institutional Quality Assurance Cell (IQAC).

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

দৈনিক বাংলা



সম্পূরক চার্জশিটে আসামি ঢাবির আরও ৭ শিক্ষার্থী

বাংলাদেশ প্রতিদিন



ঢাবিতে পিটিয়ে হত্যায় ২৮ জনের নামে ফের চার্জশিট



২৮ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল

ইত্তেফাক



সম্পূরক অভিযোগপত্রে আসামি ঢাবির আরো সাত শিক্ষার্থী